

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ----

নথি শাখাঃ ----

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.০০০.৪৩১.২১.০০৩৫.২৪ নথির বিষয়ঃ Supply & Installation of HDPE pipe for fire water arrangement In Saidabad WTP Complex.

নোটঃ ১ নোটের বিষয়ঃ Supply & Installation of HDPE pipe for fire water arrangement In Saidabad WTP Complex.

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৬/১১/২৪ ৪:২২ অপরাহ্ন

অনুগ্রহ পূর্বক সংযুক্ত ক্রমিক নং-১ হতে ৪ পর্যন্ত দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ২ এর ৪৬ কিঃমিঃ পানির মেইন ট্রান্সমিশন লাইন রয়েছে। উক্ত পানির মেইন ট্রান্সমিশন লাইনের সাহায্যে মহানগরবাসীর জন্য বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। অত্র পানি শোধনাগারটি কেপিআই এর অন্তর্ভুক্ত একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। সায়েদাবাদ পানি শোধনাগারের তিনটি ফেজ (ফেজ-১, ফেজ-২ এবং ফেজ-৩) এর মাধ্যমে ঢাকা মহানগরবাসীরকে পানি সরবরাহের পরিকল্পনা গ্রহন করা হয়েছে। বর্তমানে ফেজ-১ এবং ফেজ-২ এর মাধ্যমে পানি সরবরাহ করা হচ্ছে। ফেজ-৩ এখন চালু হয় নাই যার উন্নয়ন মূলক কাজ দ্রুততম সময়ে শুরু হবে। ফেজ-৩ এর অভ্যন্তরে পানির লাইন স্থাপন করা হয় নাই ফলে ফেজ-৩ এর কম্পাউন্ডে বিভিন্ন প্রকার উন্নয়ন মূলক কাজে-কর্মে সমস্যার দেখা দেয়। এছাড়াও ফেজ-৩ এর অভ্যন্তরে বর্তমানে বিভিন্ন ধরনের ছোট বড় গাছ-পালা এবং আগাছায় পূর্ণ অবস্থায় আছে। উক্ত বিভিন্ন ধরনের ছোট বড় গাছ-পালা এবং আগাছায় শুরু মৌসুমে বহিরাগত কিছু দুষ্ক লোকজন চুপি সারে আগুন লাগিয়ে থাকে। ফলে যে কোন সময়ে প্লান্টে অগ্নি দুর্ঘটনার ঘটনার সম্ভাবনা রয়েছে। সেক্ষেত্রে আগুন নিভানোর জন্য ও পানির প্রয়োজন আছে। অন্যদিকে ফেজ-৩ এর অভ্যন্তরে নিরাপত্তার স্বার্থে নিয়োজিত আনসারদের ক্যাম্প আছে। উক্ত ক্যাম্পে ও পর্যাপ্ত পানির প্রয়োজন রয়েছে। প্রয়োজন অনুযায়ী পানি না পাওয়ার কারনে আনসারগণ প্রত্যাহিক কাজ-কর্মে বিভিন্ন ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছেন বলে মৌখিক ভাবে অত্র অফিসে অবহিত করেছেন। বর্তমানে আনসার ক্যাম্পে মডস জোন-১ এর মাধ্যমে ২৫ মিঃমিঃ ব্যাসের পানির লাইনের মাধ্যমে পানির ব্যবস্থা করা হচ্ছে কিন্তু মাঝে মাঝে পানির প্রেসার এর তারতম্যের কারনে প্রয়োজন অনুযায়ী পানি পাওয়া যায় না। ফলে আনসার ক্যাম্পে আনসার সদস্যরা পানির কষ্টে দীর্ঘদিন ধরে ভুগতেছে যা জরুরী ভিত্তিতে ফেজ-২ এর অভ্যন্তরে ক্যানটিন এর পাশে বিদ্যমান পানির মেইন লাইন থেকে ১০০ মিঃ মিঃ ব্যাসের পানির লাইন ফেজ-৩ শেড পর্যন্ত স্থাপন করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৬/১১/২৪ ৪:২৩ অপরাহ্ন

আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্বের অনুমোদিত দর এবং PWD রোট সিডিউলের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলনে পানির পাইপ স্থাপন সহ লেবার বিল এবং মালামালের মূল্য সহ দাঁড়িয়েছে মোট টাঃ ৯,৯৬,১৭৬.২৫৩(নয় লক্ষ ছিয়ানব্বই হাজার একশত ছিয়ানতর দশমিক দুই পাঁচ তিন) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ কোড নং-(০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৬/১১/২৪ ৪:২৮ অপরাহ্ন

২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৫১ এবং প্যাকেজ নং-G-22 তে অন্তর্ভুক্ত রয়েছে। সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে এ ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান ও সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG-2 অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA) চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।




সংযুক্তিসমূহ (৬):

- ১। ২০২৪-২৫ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। সায়েদাবাদ পানি শোধনাগারের লে-আউটের কপি।
- ৩। পূর্বের অনুমোদিত দরের কপি।
- ৪। আলোচ্য কাজের ক্যালকুলেশন।
- ৫। আলোচ্য কাজের প্রাক্কলন।
- ৬। স্পেসিফিকেশনের কপি।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৬/১১/২৪ ৪:২৮ অপরাহ্ন





এমতাবস্থায়, বর্ণিত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত তথ্যের আলোকে, Supply & Installation of HDPE pipe for fire water arrangement in Saidabad WTP Complex. কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্ন বর্ণিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে।
(ক). উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৬১ (১)এর অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।

- (খ). উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৯,৯৬,১৭৬.২৫৩(নয় লক্ষ ছিয়ানব্বই হাজার একশত ছিয়াত্তর দশমিক দুই পাঁচ তিন) টাকা মাত্র এর অনুমোদন।
 (গ). আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ কোড নং-(০১-০৪-০০১) খাত হতে নির্বাহের অনুমোদন।
 উপরোক্ত প্রস্তাবনা সমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
২৭/১১/২৪ ১২:২৪ অপরাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৭/১১/২৪ ১২:৩০ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৭/১১/২৪ ১১:৪৭ অপরাহ্ন সৈয়দ শিহাবুর রহমান নির্বাহী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৭/১১/২৪ ১১:৪৭ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৮/১১/২৪ ৮:২২ পূর্বাহ্ন

Approved.

			
২৮/১১/২৪ ৮:২২ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২৮/১১/২৪ ৯:৪৩ অপরাহ্ন সৈয়দ শিহাবুর রহমান নির্বাহী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৩১/১/২৫ ১১:৫৬ পূর্বাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা, ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৩১/১/২৫ ১১:৫৬ পূর্বাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)